দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ..18-JUN 1995
পৃষ্ঠা ৪ কলাম ৬

৫।

## বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রসঙ্গে

বর্তমান সরকার প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। নিঃসন্দেহে এটি একটি প্রশংসনীয়। আর এসব পদক্ষেপ সফল করতে হলে শিক্ষকের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু শিশু জরিপ, ভোটার তালিকা প্রণয়নের মতো কাজগুলো প্রাথমিক স্কুলের শিক্ষকদের দিয়ে করানো হচ্ছে। এছাড়াও বিভিন্ন ট্রেনিং, মিটিং প্রভৃতি কাজেও শিক্ষকদের বিভিন্ন জায়গায় যেতে হচ্ছে। ফলে অনেক সময় অপচয় হচ্ছে। ছেলেমেয়েদের লেখাপড়ার ক্ষেত্রেও ব্যাঘাত ঘটছে। এছাড়াও শিক্ষকরা এসব কাজ করতে গিয়ে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছেন। যেমন, উচ্চপদস্থ কর্মচারীরা শিক্ষকদের স্কুলে অনুপস্থিতির কারণ জেনেও স্কুল পরিদর্শনে এসে অন্যায়ভাবে শোকজ-এর নামে ঘুষ দাবি করছে। এবং শিক্ষকদের হয়রানি করছে। এভাবে চলতে থাকলে কখনোই শিক্ষাকে বাধ্যতামূলক করে প্রকৃত শিক্ষা লাভ সম্ভব হবে না। তাই উপরোক্ত বিষয়গুলো ভেবে সঠিক সিদ্ধান্ত নেয়ার জন্য কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

**অনিন্দ্য কুসুম দেওয়ানজী**
কোয়েপাড়া, চট্টগ্রাম।